# আবহাওয়া ভিত্তিক কৃষি বিষয়ক বুলেটিন
## জেলাঃ বান্দরবান

কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প
কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

| | |
|---|---|
| তারিখ : (২৭ অক্টোবর, ২০১৯) বুলেটিন নং ৮৮ | ২৭ অক্টোবর হতে ৩১ অক্টোবর, ২০১৯ পর্যন্ত কৃষি আবহাওয়া বিষয়ক বুলেটিন |

গত ৪ দিনের আবহাওয়া পরিস্থিতি ২৩ অক্টোবর হতে ২৬ অক্টোবর, ২০১৯ তারিখ পর্যন্ত

| আবহাওয়ার স্থিতিমাপ(প্যারামিটার) | ২৩ অক্টোবর | ২৪ অক্টোবর | ২৫ অক্টোবর | ২৬ অক্টোবর | সীমা |
|---|---|---|---|---|---|
| বৃষ্টিপাত (মি.মি) | ০.০ | ০.০ | ০.০ | ১২.০ | ০.০-১২.০ (১২.০) |
| সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড) | ৩৩.৮ | ৩৩.২ | ৩২.৪ | ৩২.০ | ৩২.০-৩৩.৮ |
| সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড) | ২৫.৮ | ২৬.২ | ২৩.৭ | ২৬.২ | ২৩.৭-২৬.২ |
| আপেক্ষিক আর্দ্রতা (শতকরা) | ৫২.০-৯৭.০ | ৫৩.০-৯৬.০ | ৬৫.০-৯২.০ | ৬৯.০-৯৫.০ | ৫২.০-৯৭.০ |
| বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা) | ১.৯ | ৭.৪ | ৩.৭ | ৩.৭ | ১.৯-৭.৪ |
| মেঘের পরিমান (অক্টা) | ৫ | ৪ | ৬ | ৬ | ৪-৬ |
| বাতাসের দিক | পশ্চিম/উত্তর-পশ্চিম | পশ্চিম/উত্তর-পশ্চিম | পশ্চিম/উত্তর-পশ্চিম | পশ্চিম/উত্তর-পশ্চিম | পশ্চিম/উত্তর-পশ্চিম |

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত আগামী ০৫ দিনের আবহাওয়া পূর্বাভাস
( ২৭ অক্টোবর হতে ৩১ অক্টোবর, ২০১৯) তারিখ পর্যন্ত

| আবহাওয়ার স্থিতিমাপ(প্যারামিটার) | সীমা |
|---|---|
| বৃষ্টিপাত (মিমি) | ০.০-৫.২ (১১.৯) |
| সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড) | ২৮.৭-৩০.৫ |
| সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড) | ১৯.১-২২.০ |
| আপেক্ষিক আর্দ্রতা (শতকরা) | ৭৩.০-৯৩.০ |
| বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা) | ৩.৩-৪.১ |
| মেঘের পরিমান (অক্টা) | আংশিক মেঘাচ্ছন্ন |
| বাতাসের দিক | পশ্চিম/উত্তর-পশ্চিম |

**দণ্ডায়মান ফসলের স্তর**

| ফসল | স্তর |
|---|---|
| আমন ধান | থোর থেকে নরম দানা পর্যায় |
| সবজি | বাড়ন্ত/ফল পর্যায় |

**কৃষি আবহাওয়া পরামর্শ:**

**সাধারণ পরামর্শ:**

- মৌসুমী বায়ু বিদায় নিয়েছে। পরিপক্ক ফসল সংগ্রহ করুন। রৌদ্রজ্জ্বল দিনে ফসল শুকিয়ে নিন।
- রবি ফসল বপন করার আগে জমি পরিষ্কার করে জৈব সার প্রয়োগ করুন। আইল, নিষ্কাশন নালা, পতিত জায়গা থেকে আগাছা পরিষ্কার করুন।

**আমন ধান :**

- থোর থেকে নরম দানা পর্যায় পর্যন্ত জমিতে পানির স্তর ২-৫ সেমি বজায় রাখুন।
- নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করুন। মাজরা পোকা, পাতা মোড়ানো পোকা, বাদামী গাছ ফড়িং এর আক্রমণ থেকে রক্ষার জন্য আলোক ফাঁদ ব্যবহার করুন।
- পাতা মোড়ানো পোকার আক্রমণ দেখা দিলে প্রতি লিটার পানিতে ২.০ মিলি ক্লোরোপাইরিফস বা ম্যালাথিয়ন মিশিয়ে স্প্রে করুন।
- খোল পোড়া রোগ দেখা দিলে প্রতি লিটার পানিতে ১.০ মিলি হেক্সাকোনাজল বা টেবুকোনাজল মিশিয়ে স্প্রে করুন।
- মাজরা পোকার আক্রমণ দেখা দিলে নিম্নলিখিত হারে বালাইনাশক প্রয়োগ করুন:
    - কার্বোফুরান@১০কেজি/হেক্টর অথবা কারটাপ@১৪কেজি/হেক্টর অথবা ফিপ্রোনিল@১মিলি/লিটার পানি অথবা ডায়াজিনন@১৭কেজি/হেক্টর
- ব্যাকটেরিয়াজনিত পাতা পোড়া রোগ দেখা দিলে থিওভিট+পটাশ প্রয়োগ করুন।
- বাদামী দাগ রোগ হলে প্রতি লিটার পানিতে ২.৫ গ্রাম ম্যানকোজেব অথবা থিওভিট+পটাশ প্রয়োগ করুন।
- থোড় পর্যায়ে ব্লাস্ট রোগ নিয়ন্ত্রণে এডব্লিউডি পদ্ধতি অনুসরণ করুন। প্রতিরোধ ব্যবস্থা হিসেবে প্রতি লিটার পানিতে নাটিভো ৭৫ ডব্লিউজি অথবা ০.৬ গ্রাম ট্রুপার অথবা ১ মিলি এমিস্টার টপ ৩২৫ এসপি মিশিয়ে স্প্রে করুন। কার্যকরভাবে রোগ নিয়ন্ত্রণে বেলা ৩.০০ টার পর বালাইনাশক স্প্রে করুন। রোগের মাত্রা অনুযায়ী ১০-১২ দিন পরপর স্প্রে করতে হবে।
- দানা গঠন পর্যায়ে গান্ধী পোকা ও বাদামী গাছ ফড়িং এর আক্রমণ হওয়ার সম্ভাবনা থাকে। বাদামী গাছ ফড়িং এর আক্রমণ হলে প্রতি লিটার পানিতে ২.৫ গ্রাম আইসোপ্রোকার্ব বা ২.৫ গ্রাম ইমিডাক্লোরোপিড মিশিয়ে স্প্রে করুন। গান্ধী পোকার আক্রমণ হলে প্রতি লিটার পানিতে ২ মিলি ম্যালাথিয়ন অথবা ২ মিলি ক্লোরপাইরিফস মিশিয়ে স্প্রে করুন।

**সবজিঃ**

- বীজতলায় টমেটো, বেগুন, মরিচ ও ক্যাপসিকমি লাগানোর প্রস্তুতি নিন। প্রতি কেজি বীজে ২ গ্রাম থিরাম দিয়ে বীজ শোধন করতে হবে।
- চাষের জন্য শীতকালীন সবজি যেমন ফুলকপি, বাধাকপি প্রভূতির আগাম জাত বেছে নিন।
- শশা জাতীয় সবজিতে ডাউনি মিলডিউ রোগ নিয়ন্ত্রনের জন্য প্রতি ১০ লিটার পানিতে ২০ গ্রাম হারে রিডোমিল এম জেড ৭২ মিশিয়ে স্প্রে করুন।
- সবজির মাছি পোকা আক্রমন করলে আক্রান্ত ফল সংগ্রহ করে ধ্বংস করে ফেলতে হবে। বিশেষ ধরনের ফেরোমন ফাঁদ ব্যবহার করুন।
- পেপের ছাতরা পোকা আক্রমন করলে আক্রান্ত অংশ/গাছ তুলে নিয়ে পুড়িয়ে ফেলতে হবে। কাছাকাছি পিপড়ার ডিবি থাকলে ধ্বংস করতে হবে।

**বোরো ধানঃ**

বোরো ধানের বীজতলা তৈরির উদ্যোগ নিন। এই মৌসুম ঘূর্ণিঝড় প্রবণ, কাজেই উঁচু জায়গায় বীজতলা তৈরি করুন এবং পানি নিষ্কাশনের ব্যবস্থা রাখুন। সমবায় ভিত্তিক তৈরি করা যেতে পারে।

**সরিষাঃ**

বর্তমান আবহাওয়া সরিষার জমি তৈরি ও বীজ বপনের জন্য আদর্শ। সাম্প্রতিক বৃষ্টিতে মাটির আর্দ্রতা বেড়েছে যা সরিষার বীজ বপনের বপনের জন্য অনুকূল।

**ভুট্টাঃ**

রবি ভুট্টার জমি তৈরি ও বপন শুরু করুন। পানি নিষ্কাশনের ব্যবস্থা রাখুন।

**ডাল জাতীয় ফসলঃ**

বর্তমান আবহাওয়া ডাল জাতীয় ফসলের জমি তৈরি ও বীজ বপনের জন্য আদর্শ। মাঝারি থেকে উঁচু জমি যেখানে বন্যা আক্রান্ত হওয়ার সম্ভাবনা নেই সেখানে ডাল জাতীয় ফসল  চাষ করতে হবে।

**আলুঃ**

বর্তমান আবহাওয়া আলু জমি তৈরি ও লাগানোর জন্য আদর্শ। সাম্প্রতিক বৃষ্টিতে মাটির আর্দ্রতা বেড়েছে যা আলু লাগানোর জন্য অনুকূল।

**উদ্যান ফসলঃ**

আবহাওয়ার বর্তমান অবস্থা বিভিন্ন উদ্যান ফসল যেমন পেপে, আম, কলা পেয়ারা ইত্যাদি লাগানোর জন্য পরামর্শ। কাজেই এসব অবিলম্বে লাগানোর জন্য পরামর্শ দেওয়া হলো।

**গবাদী পশুঃ**

- রাতের তাপমাত্রা কমে আসছে। নিউমোনিয়া থেকে সুরক্ষায় সকালে ও সন্ধ্যায় দুগ্ধবতী গাভী ও বাছুরকে চটের বস্তা দিয়ে ঢেকে দিন।
- গবাদী পশু ও হাঁসমুরগীকে নিয়মিত টিকা দিন। গোয়াল ঘরের চালা ও মেঝ পরিষ্কার রাখুন।
- গবাদী পশুকে কৃমিনাশক দিন।
- সুষম খাবার খাওয়ান।

**হাঁসমুরগীঃ**

- পশু চিকিৎকের পরামর্শ নিয়ে এক সপ্তাহের বাচ্চাকে রানীক্ষেত রোগের এবং দুই সপ্তাহের বাচ্চাকে গামবোরো রোগের টিকা দেওয়া যেতে পারে।

**মংস্যঃ**

পুকুরে অক্সিজেন ঘাটতি দেখা দিলে-

- পিএইচ দেখে প্রয়োজন অনুযায়ী চুন প্রয়োগ করুন।
- পুকুরের তলদেশ দেখে জলজ আগাছা তুলে ফেলুন।
- চারপাশের ঝোপঝাড় পরিষ্কার করুন।
- পুকুরের পানি নেড়ে দিন।
- রোদ্রজ্জ্বল দিনে খাবার দিন।